সংবাদ

25 JAN 2017

# বঙ্গবন্ধু মেডিকেল বিশ্ববিদ্যালয়ের অপ্রীতিকর ঘটনা নিয়ে স্বাস্থ্যমন্ত্রীর সঙ্গে বৈঠকে সমঝোতা

নিজস্ব বার্তা পরিবেশক

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের অপ্রীতিকর ঘটনা নিয়ে স্বাস্থ্যমন্ত্রীর সঙ্গে ভার্সিটির শীর্ষ কর্মকর্তাদের বৈঠক অনুষ্ঠিত হয়েছে। গতকাল বিকেলে স্বাস্থ্য মন্ত্রণালয়ে অনুষ্ঠিত বৈঠকে বিশ্ববিদ্যালয়ের স্বার্থে মিলেমিশে কাজ করার জন্য মন্ত্রী তাদের বলেছেন। বিকেল সাড়ে ৩টার দিকে এই বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে ভিসি প্রফেসর ডা. কামরুল হাসান খান, প্রো-ভিসি প্রফেসর ডা. শহীদুল্লাহ সিকদার, প্রো-ভিসি প্রফেসর ডা. শারফুদ্দিন আহমেদ ও প্রো-ভিসি প্রফেসর ডা. জাকারিয়া স্বপন উপস্থিত ছিলেন।

ভিসি কামরুল হাসান খান জানান, বৈঠকে সকল ঘটনা শুনে স্বাস্থ্যমন্ত্রী মো. নাসিম সবাইকে মিলেমিশে কাজ করতে বলেছেন। আর যত দ্রুত সম্ভব নার্স নিয়োগ শেষ করার কথা বলেছেন। অপর এক সূত্র জানায়, ভার্সিটির অপ্রীতকর ঘটনা নিয়ে মন্ত্রী ক্ষোভ প্রকাশ করছেন।

এর আগে গত সোমবার মেডিকেল বিশ্ববিদ্যালয়ে ৫ শীর্ষ কর্মকর্তার জরুরি বৈঠক অনুষ্ঠিত হয়েছে। সেখানে সবাই বিশ্ববিদ্যালয়ের স্বার্থে মিলেমিশে কাজ করার সিদ্ধান্ত নিয়েছেন। আর যাতে অপপ্রচার না হয় তার জন্য তারা সমঝোতায় পৌঁছেছেন। উল্লেখ্য, সম্প্রতি মেডিকেল বিশ্ববিদ্যালয়ে ভিসি ও প্রো-ভিসির মধ্যে অপ্রীতিকর ঘটনা নিয়ে ভার্সিটিতে উত্তেজনার সৃষ্টি হয়। এই নিয়ে দেশজুড়ে নানা সমালোচনার সৃষ্টি হয়েছে। পরিস্থিতি এখন কিছুটা স্বাভাবিক রয়েছে। তবে ভেতরে ভেতরে দ্বন্দ্ব থেমে নেই।